



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সিলেট

স্মারক নং-রেজিঃ/১৩০/২০২০/৫/৪০৩

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ : ২৩ সেপ্টেম্বর, ২০২১

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর সৈয়দ মুজতবা আলী হলের জন্য ইলেকট্রিশিয়ান পদে ০১ (এক) জন লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/= (জা: বে: স্কেল-২০১৫)

যোগ্যতা ও অভিজ্ঞতা

৮ম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফসিলী ব্যাংকের শাখার উপর উক্ত পদের জন্য ২০০/= (দুইশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সম্মুখের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ১৮ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

মুহাম্মদ ইশফাকুল হোসেন
রেজিস্ট্রার

ডিজি-১৮৮৪/২১ (৬"×৪)